

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০৩২.০৪.০০.০০১.২০১৭-১৫

তারিখ: ১৭-০১-২০১৯ খ্রি:

বিষয়: ২০১৮-২০১৯ অর্থবছরে সিএমএসডি কর্তৃক আরপিএ (জিওবি) খাতের অর্থায়নে সিবিএইচসি/এনএনএস/এইচএসএম ওপির আওতায় Cross country vehicle এবং এ্যাম্বুলেন্স ওটিএম পদ্ধতিতে ক্রয় প্রসংগে।

- সূত্র: (১) স্মারক নং-সিএমএসডি/প্রক-২৪/এইচপিএনএসপি/জি-১৮০১/ডিপিএম/২০১৮-২০১৯/ডি-৫/৯৬৩৫, তাং-২০-১২-২০১৮ খ্রি:  
(২) স্মারক নং-সিএমএসডি/প্রক-৬৭/এইচপিএনএসপি/জি-১৮৪১/ডিপিএম/২০১৮-২০১৯/ডি-৫/৯০০৬, তাং-২৭-১১-২০১৮ খ্রি:  
(৩) স্মারক নং-সিএমএসডি/প্রক-২৪/এইচপিএনএসপি/জি-১৮০১/ডিপিএম/২০১৮-২০১৯/ডি-৫/৯০৭৫, তাং-২৯-১১-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও ১ নং সূত্রের পত্রে পরিচালক, সিএমএসডি কর্তৃক দরপত্র মূল্যায়ন কমিটির (টিইসি) সুপারিশ মোতাবেক RPA through GOB অর্থায়নে সিএমএসডি'র প্যাকেজ নং-জি-১৮০১ এর আওতায় ৫৩ (তেপান্ন)টি এ্যাম্বুলেন্স সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ঢাকার নিকট হতে প্রতিটি এ্যাম্বুলেন্স ৪০,৭০,০০০.০০ (চল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা হিসেবে ক্রয় ও চুক্তিপত্র সম্পাদনের প্রস্তাব করা হয়।


(২) পরিচালক, সিএমএসডি কর্তৃক ২ নং সূত্রের পত্রে Cross country vehicle এবং ৩ নং সূত্রের পত্রে এ্যাম্বুলেন্স প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড হতে ডিপিএম পদ্ধতিতে ক্রয়ে প্রস্তাব করা হলে (অ) স্মারক নং-৩০৫, তাং-২৯-১১-২০১৮ এবং (আ) স্মারক নং-৩১০, তাং-০৫-১২-২০১৮ মূলে এ বিভাগ হতে সম্মতি জ্ঞাপন করা হয়।

(৩) পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ অনুসরণে ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এ বিভাগের সিদ্ধান্ত নির্দেশক্রমে নিম্নে অবহিত করা হলো:

- (i) পরিচালক, সিএমএসডি কর্তৃক ১ নং সূত্রের পত্রে এবং দরপত্র মূল্যায়ন কমিটির (টিইসি) সুপারিশ মোতাবেক RPA (GOB) অর্থায়নে সিএমএসডি'র প্যাকেজ নং-জি-১৮০১ এর আওতায় ৫৩ (তেপান্ন)টি এ্যাম্বুলেন্স সরাসরি ক্রয় পদ্ধতিতে (ডিপিএম) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ঢাকা হতে ক্রয় ও চুক্তিপত্র সম্পাদনের প্রস্তাব না মঞ্জুর করা হলো।
- (ii) পরিচালক, সিএমএসডি কর্তৃক ২ নং সূত্রের পত্রে Cross country vehicle এবং ৩ নং সূত্রের পত্রে এ্যাম্বুলেন্স প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড হতে ডিপিএম পদ্ধতিতে ক্রয়ের প্রস্তাবে এ বিভাগের অনুমোদন সংক্রান্ত (১) স্মারক নং-৩০৫, তাং-২৯-১১-২০১৮ এবং (২) স্মারক নং-৩১০, তাং-০৫-১২-২০১৮ এতদ্বারা বাতিল করা হলো।
- (iii) Cross Country Vehicle (Jeep) এবং এ্যাম্বুলেন্স নিম্নবর্ণিত শর্তে ওটিএম পদ্ধতিতে ক্রয় করতে হবে:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং প্রযোজ্য সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) Cross Country Vehicle (Jeep) এবং এ্যাম্বুলেন্স সমূহ ওটিএম পদ্ধতি (ন্যাশনাল/ইন্টারন্যাশনাল) অনুসরণপূর্বক ক্রয় করতে হবে;
- (গ) বর্ণিত Cross Country Vehicle (Jeep) এবং এ্যাম্বুলেন্স এর চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) গাড়ি/এ্যাম্বুলেন্স ক্রয়ে দরপত্র আহ্বানের পূর্বে সংশ্লিষ্ট স্পেসিফিকেশনে এ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;
- (চ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;
- (ছ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংঘটিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

পরিচালক (ভান্ডার ও সরবরাহ)  
কেন্দ্রীয় ঔষধাগার  
স্বাস্থ্য অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
D:\Letter\LD.PLSM.docx

অনুলিপি:

- ১। লাইন ডাইরেক্টর, সিবিএইচসি/এনএনএস/এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইট প্রকাশের অনুরোধসহ)।